# সিলেট বোর্ড-২০১৬

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট    পূর্ণমান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে দেখ এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। প্রত্যেক অংশ থেকে কমপক্ষে একটি করে মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

### ক অংশ — গদ্য

**১.▶** মোরা ঝঞ্ঝার মত উদ্যম
মোরা ঝর্ণার মত চঞ্চল,
মোরা বিধাতার মত নির্ভয়
মোরা প্রকৃতির মত স্বচ্ছল,
মোরা আকাশের মত বাধাহীন
মোরা মরুসঞ্চার বেদুঈন,
বন্ধনহীন জন্ম স্বাধীন
চিত্তমুক্ত শতদল।

ক. বেগম রোকেয়ার মতে, আমাদের কাব্যে কোন রস বেশি? ১

খ. "ভারতের পুরুষ সমাজে বাঙালি পুরুষিকা'— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. কবিতাংশের বক্তব্যে 'নিরীহ বাঙালি' প্রবন্ধে বর্ণিত বাঙালির চারিত্রিক বৈশিষ্ট্যের যে বৈপরীত্য লক্ষণীয় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. বেগম রোকেয়ার প্রত্যাশার প্রতিফলন ঘটলেও কবিতাংশটি 'নিরীহ বাঙালি' প্রবন্ধের সামগ্রিকতাকে স্পর্শ করে না'— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

**২.▶ উদ্দীপক-১**

পাড়ার বালকদের সর্দার সুজন। সারাদিন বনে-বাঁদাড়ে ঘুরে বেড়ানো, এর ওর গাছের ফল ছেঁড়া, নদীতে দাপাদাপি করাই তার কাজ। শত দুরন্তপনার মাঝেও ছোট ভাই সুমনকে আগলে রাখে সে। তাকে রেখে কোনো খাবারও মুখে তোলে না।

**উদ্দীপক-২**

সারাক্ষণ সংসারে নাই-নাই, নাই-নাই আর ভালো লাগে না শেফালীর। ঘর থেকে বের হলে পাওনাদারদের তাগাদা তাকে অতিষ্ঠ করে। ছেলেরা কবে নতুন জামা পরেছে মনে পড়ে না তার।

ক. আজকাল লক্ষ্মী কোথায় বাঁধা পড়েছে? ১

https://teachingbd24.com

খ. 'ঠাকুরের হাঁড়ি দেখছি শিকেয় উঠেচে'— কথাটির দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপক-২-এ 'আমি আঁটির ভেঁপু' গল্পের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত দিকটিকে ছাপিয়ে উদ্দীপক-১-এর বক্তব্য 'আম আঁটির ভেঁপু' গল্পে প্রাধান্য পেয়েছে— মন্তব্যটির সাথে তুমি কি একমত? যুক্তি দাও। ৪

৩. ▶ তিন বছরের ছোট ছেলে ইমনকে নিয়ে মা শাহানার চিন্তার শেষ নেই। সারাক্ষণ এটা-ওটা খাবার নিয়ে তিনি ছেলের পেছনে ছোটেন। ঘুম থেকে তুলেই খিছুড়ি, এরপর ফলের রস, সেদ্ধ ডিম, দুধ একের পর এক। মার হাত থেকে বাঁচতে ইমন চেষ্টা করে, হাত-পা ছোড়ে, মুখ বন্ধ করে থাকে, আরও কত কৌশল। কিন্তু মিসেস শাহানা জোর করে ইমনকে খাওয়াবেনই। এ অবস্থা দেখে ইমনের বাবা মি. শাহেদ বলেন— 'দেখ, তোমার উদ্দেশ্য মহৎ, কিন্তু পদ্ধতি ভুল। ছেলের মঙ্গল চাও সন্দেহ নেই, কিন্তু তোমার খাওয়ানোর ধরনের পরিবর্তন আনতে হবে।

ক. শিক্ষার সর্বপ্রধান অঙ্গ কী? ১

খ. 'সাহিত্যের মধ্যে আমাদের জাত মানুষ হবে'— বলতে লেখক কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকের শাহানার আচরণে 'বইপড়া' প্রবন্ধের যে বিশেষ দিকটির ইঙ্গিত পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. শাহেদের বক্তব্য প্রথম চৌধুরীর পরামর্শেরই প্রতিধ্বনি— 'বইপড়া' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

## খ অংশ — পদ্য

৪. ▶ আসমানীরে দেখতে যদি তোমরা সবে চাও,
রহিমুদ্দির ছোট্ট বাড়ি রসুল পুরে যাও।
বাড়ি তো নয় পাখির বাসা ভেন্নাপাতার ছানি,
একটুখানি বৃষ্টি হলেই গড়িয়ে পড়ে পানি।
একটুখানি হাওয়া দিলেই ঘর নড়বড় করে,
তারি তলে আসমানীরা থাকে বছর ভরে।
পেটটি ভরে পায় না খেতে বুকের ক-খান হাড়,
সাক্ষী দিচ্ছে অনাহারে কদিন গেছে তার।

ক. 'পল্লিজননী' কবিতায় সাত-নরি সিকায় কী বেঁধে রাখার কথা বলা হয়েছে? ১

খ. 'বিরহী মায়ের একেলা পরাণ দোলে'— কথাটির দ্বারা কী বোঝানো হয়েছে? ২

Teachingbd24.com

গ. উদ্দীপকে 'পল্লিজননী' কবিতার যে বিশেষ দিকের ইঙ্গিত করা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দিষ্ট দিকটি নয় বরং সন্তান বাৎসল্যই 'পল্লিজননী' কবিতায় প্রধান হয়ে উঠেছে— মন্তব্যটির যৌক্তিকতা বিচার কর। ৪

৫.▶ "চুনিয়া একটি গ্রাম, ছোট্ট— কিন্তু ভেতরে ভেতরে খুব শক্তিশালী
চুনিয়া নৈরাশ্যবাদী নয়, চুনিয়া তো মনেপ্রাণে
নিশিদিন আশার পিদিম জ্বেলে রাখে
চুনিয়া বিশ্বাস করে;
শেষাবধি মানুষেরা হিংসা-দ্বেষ ভুলে
পরস্পর সৎ প্রতিবেশী হবে।"

ক. বাংলা ভাষা ও সাহিত্য ঐতিহ্যের প্রথম নিদর্শনের নাম কী? ১

খ. "আমি তো এসেছি তিতুমীর আর সূর্যসেনের থেকে" বলতে কবি 'আমার পরিচয়' কবিতায় কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকে 'আমার পরিচয়' কবিতায় যে কবি ভাবনার প্রকাশ ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. সাদৃশ্যগত বিষয়টি 'আমার পরিচয়' কবিতার বিষয়বস্তুর খণ্ডিত চিত্রমাত্র— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬.▶ "জন্মিলে মরিতে হবে
অমর কে কোথা কবে
চিরস্থির কবে নীর, হায়রে, জীবন-নদে?
কিন্তু যদি রাখ মনে,
নাহি, মা, ডরি শমনে,"

ক. রবীন্দ্রনাথ ঠাকুর কত বঙ্গাব্দে জন্মগ্রহণ করেন? ১

খ. "ধরায় প্রাণের খেলা চিরতরঙ্গিত" বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২

গ. কবিতাংশে 'প্রাণ' কবিতার যে ভাবের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. কবিতাংশটি 'প্রাণ' কবিতায় কবির সমগ্র অনুভূতিকে তুলে ধরে কি? মতের পক্ষে যুক্তি দাও। ৪

## গ অংশ — সহপাঠ

৭.▶ বিদেশি সেনার কামানে-বুলেটে বিদ্ধ
নারী শিশু আর যুবক জোয়ান-বৃদ্ধ
শত্রু সেনারা হত্যার অভিযানে—
মুক্তিবাহিনী প্রতিরোধ উত্থানে।

Teachingbd24.com

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসে মিঠুর ভাইয়ের নাম কী? ১
খ. "এমন খুশি আমার জীবনে আর আসেনি"— বুধার এ উক্তির কারণ কী? ২
গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিক ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের খণ্ডিত অংশমাত্র— উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৮.▶ ধনাঢ্য পরিবারের ছেলে আবীর, মেডিকেল শেষ বর্ষের ছাত্র। পূজার ছুটিতে বাড়িতে এসে জানতে পারে প্রতিবেশী ওসমান চাচার এস.এস.সি. পরীক্ষার্থী মেয়ে ঝিলিকের বিয়ে। ঝিলিকের কোনো আপত্তিই তিনি শুনছেন না, কারণ পাশের গ্রামের কেরামত মাতব্বরের মাদকাসক্ত ছেলের সাথে মোটা টাকার বিনিময়ে তিনি মেয়ের বিয়ে দিতে রাজি হয়েছেন। মেয়ের এক কথা আগে তার লেখাপড়া, তারপর বিয়ে। ঘটনা জানতে পেরে আবীরের মা ছেলেকে নিয়ে সেখানে উপস্থিত হন। তিনি কেরামত মাতব্বরের টাকা ফেরত দেন এবং উপস্থিত সবার সামনে ঘোষণা দেন পড়ালেখা শেষে নিজ ছেলের সাথে ঝিলিকের বিয়ে দেবেন।

ক. 'ছোট মুখে বড় কথা'— বহিপীর নাটকে উক্তিটি কার ছিল? ১
খ. 'আপনারা কোরবানির গোস্ত খেতে পারেন, কিন্তু গরু জবাই দেখতে পারেন না।' — বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের মায়ের সাথে 'বহিপীর' নাটকের বৈসাদৃশ্যপূর্ণ দিকটি বিশ্লেষণ কর। ৩
ঘ. উদ্দীপকের আবীর ও তার মা এবং উপন্যাসের হাশেমরাই পারে তাহেরাও ঝিলিকদের আলোকিত করতে— বিশ্লেষণ কর। ৪

৯.▶ গরিব চাষি হোসেন মিয়া। সামান্য আবাদি জমি থেকে যা পায় তাই দিয়ে স্ত্রী-পুত্র-কন্যা নিয়ে তার সুখের সংসার। একদিন ছেলে লক্ষ করল- তার বাবা কিছু বিষাক্ত উপকরণ পানিতে গুলিয়ে কিছু একটা তৈরি করছেন। কী বানাচ্ছেন, কেনই বা বানাচ্ছেন প্রশ্ন করলে হোসেন মিয়া বলে—ধানক্ষেতে মাজরা পোকা এসে সব ফসল খেয়ে যাচ্ছে এদের তাড়াতে হবে।

ক. বুধা কীভাবে গান শিখেছে? ১
খ. 'দিনযাপনে ওর কোনো কষ্ট নেই'—কেন? ২
গ. উদ্দীপকের 'মাজরা পোকা' কাকতাড়ুয়া উপন্যাসে কাদের প্রতীকী চরিত্র ব্যাখ্যা কর। ৩
ঘ. "হোসেন মিয়াদের পদক্ষেপ আজকের স্বাধীন সার্বভৌম বাংলাদেশ গঠনে সর্বাঙ্গীন সহায়তা করেছে"— 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে মূল্যায়ন কর। ৪

https://teachingbd24.com

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা　　বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. পালামৌর বনে যে গাছগুলোর কথা লেখক শুনেছিলেন তার মধ্যে কোন গাছটি একেবারেই নেই?
ক তাল　খ শাল
গ হিন্তাল　ঘ তমাল

২. 'নিরুপমা' চরিত্রটি পাঠ্যবইয়ের কোন গল্পের?
ক মমতাদি　খ দেনাপাওনা
গ অভাগীর স্বর্গ　ঘ আম আঁটির ভেঁপু

৩. 'দেহের মৃত্যুর রেজিস্টারি রাখা হয়, আত্মার হয় না'— প্রমথ চৌধুরীর এ মন্তব্যে কী প্রকাশ পেয়েছে?
ক জাতীয় দৃষ্টিভঙ্গির সংকীর্ণতা
খ স্বাস্থ্য সেবার খণ্ডিত রূপ
গ মানসিক স্বাস্থ্যের প্রতি উদাসীনতা
ঘ শিক্ষা পদ্ধতির সীমাবদ্ধতা

**নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
রফিক মায়ের মৃত্যুর খবর শুনে পাগল হয়ে উঠে। সে প্রলাপ করে বলে তার মা মরতেই পারে না। তার চাচা বলেন অস্থির হয়ো না মৃত্যু মানুষের ভাগ্য এবং শেষ পরিণতি।

৪. উদ্দীপকে রফিকের চাচার সাথে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের মিল পাওয়া যায় কার?
ক হযরত মুহম্মদ (স.)
খ হযরত আবু বকর (রাঃ)
গ হযরত ওমর (রাঃ)
ঘ হযরত আয়েশা (রাঃ)

৫. উদ্দীপকের চাচার সঙ্গে পাঠ্যবইয়ের বক্তার মানসিকতার মিল রয়েছে—
i. যুক্তিবাদী মানসিকতার
ii. আবেগপ্রবণতার　iii. দৃঢ় মনোবলের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

৬. 'নিরীহ বাঙালি' কোন জাতীয় রচনা?
ক ছোটগল্প　খ প্রহসন
গ প্রবন্ধ　ঘ রম্যরচনা

৭. পল্লি মায়ের শাশ্বত রূপ ফুটে উঠেছে 'আম আঁটির ভেঁপু' গল্পের কোন চরিত্রে?
ক দুর্গা　খ নীলমনি
গ স্বর্ণ গোয়ালিনী　ঘ সর্বজয়া

৮. 'ওহে জীব কর আকিঞ্চন'— বাক্যে আকিঞ্চন শব্দের অর্থ কী?
ক উন্নতি　খ ক্রন্দন
গ আকাঙ্ক্ষা　ঘ আকুতি

৯. বাহ্যিক উপকারিতায় ব্যবহার করা হয় নিমগাছের—
i. পাতা, বাকল　ii. শিকড়, পাতা
iii. বাকল ও ছায়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii
[দ্রষ্টব্য: সঠিক উত্তর হবে- i. পাতা, বাকল]

১০. 'একলা গাই, একলা ধাই'— 'ঝর্ণার গান' কবিতার পরের চরণ কোনটি?
ক বিজন দেশ, কূজন নাই
খ দিবস রাত, সাঁঝ সকাল
গ নিজের পায়, বাজাই তাল
ঘ ঝিমায় পথ, ঘুমায় বন

১১. নিচের কোন বানানটি শুদ্ধ—
ক ক্ষীণ　খ শির্ন
গ জীর্ন　ঘ সিরনি

১২. মমতাদি স্বামীর চাকরি সংক্রান্ত মিথ্যা কথা বলেছিলেন কেন?
ক সম্মান রক্ষায়　খ স্বভাব দোষে
গ কাজ হারানোর ভয়ে　ঘ গুরু নিন্দা বাঁচাতে

১৩. ১৭ই মে সোমবার ১৯৭১ সালের আজকের কাগজে কতজন বুদ্ধিজীবী ও শিল্পীর নামে বিবৃতি বেরিয়েছিল?
ক ৫৫　খ ৫৬
গ ৫৭　ঘ ৫৮

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
সীমা ক্র্যাচে ভর দিয়ে স্কুলে যায়। হাঁপিয়ে গেলে সে রাস্তার ধারে বসে পাখির গান শোনে ও নীল আকাশের উদারতা অনুভব করে।

১৪. উদ্দীপকের সীমার সাথে 'অন্ধবধূ' কবিতার অন্ধবধূর মিল রয়েছে কোথায়?
ক মানুষের　খ জীবনের
গ একাকিত্বের　ঘ প্রকৃতির

১৫. উদ্দীপকের সীমা ও কবিতার অন্ধবধূ উভয়ই—
i. প্রতিবন্ধী　ii. অনুভূতিপ্রবণ
iii. নৈরাশ্যবাদী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

১৬. 'সে যেন একটা 'উৎসব' বাধিয়া গেল'— এখানে কোন উৎসবের কথা বলা হয়েছে?
ক শ্রাদ্ধের　খ ব্রাহ্মণ ভোজের
গ শবযাত্রার　ঘ কাঙালি ভোজের

১৭. 'প্রাণ' কবিতায় কবি কোথায় অমর আলয় রচনা করতে চেয়েছেন?
ক স্বর্গে　খ পৃথিবীতে
গ পুষ্পিত কাননে　ঘ মানুষের মাঝে

১৮. প্রবন্ধের প্রধান বাহন কী?
ক চরিত্র　খ কাহিনি
গ সংলাপ　ঘ বিষয়বস্তু

১৯. অর্থচিন্তার নিগড়ে বন্দি কারা?
ক ধনী ও দরিদ্র　খ কুলি ও মজুর
গ শিক্ষক ও ছাত্র　ঘ চাষি ও ব্যবসায়ী

২০. বুধার চোখ লাল হয়ে গেলে ওর চাচির কী করতে ইচ্ছে করে?
ক আদর করতে　খ বকা দিতে
গ সান্ত্বনা দিতে　ঘ সালাম করতে

Teachingbd24.com

https://teachingbd24.com

২১. মতি মাস্টার কুসংস্কারমুক্ত এবং প্রগতিশীলতায় বিশ্বাসী। এই মতি মাস্টার 'বহিপীর' নাটকের কোন চরিত্রের প্রতিরূপ?

ক হাশেম  খ হাতেম
গ হকিকুল্লাহ  ঘ বহিপীর

২২. 'পল্লিজননী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেয়া হয়েছে?

ক রাখালী  খ হাসু
গ বালুচর  ঘ মাটির কান্না

২৩. 'কুটম' শব্দের বাংলা রূপ কী?

ক ঘড়ি  খ ঘুড়ি
গ ঘড়া  ঘ ঘড়

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:**

ঝড়ে গাছচাপা পড়লো সোহেলদের বাড়ি। সবাই মারা গেল শুধু কেমনভাবে যেন বেঁচে গেল সোহেল।

২৪. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনাকে নির্দেশ করে?

ক রাজাকারের  খ কলেরার
গ মিলিটারির  ঘ যুদ্ধের

২৫. উদ্দীপকের সোহেল 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার মতো—

i. এতিম
ii. অসহায়
iii. সাহসী

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

২৬. 'আমি কী বকরী-ঈদের গরু-ছাগল'— তাহেরার এই উক্তিতে কী প্রকাশ পেয়েছে?

ক তাচ্ছিল্য  খ অভিমান
গ প্রতিবাদ  ঘ ঘৃণা

২৭. সমাজ উন্নয়নে যা কাম্য 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধানুসারে তার নাম কী?

ক মন  খ সাম্য
গ নেতৃত্ব  ঘ অন্তর

২৮. বুধা ফুলকলিকে জিলিপি খেতে দিয়েছিল কয়টি?

ক দুই  খ তিন
গ চার  ঘ পাঁচ

২৯. 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রটির দ্বারা ঔপন্যাসিক প্রকাশ করেছেন—

ক দরিদ্রতা  খ মুক্তিযুদ্ধ
গ কিশোর মনস্তত্ত্ব  ঘ এতিম শিশুর জীবন

৩০. 'শহরে ট্যাঙ্ক এলো দানবের মতো চিৎকার করতে করতে'— উক্তিটি কী অর্থে বোঝানো হয়েছে?

ক যুদ্ধের দামামা
খ শত্রুর আগমন বার্তা
গ ধ্বংসযজ্ঞের বীভৎসতা
ঘ উল্লাসের বার্তা

৩১. বাঙালি কী উড়িয়ে বঙ্গ জননীর কোলে ফিরে এসেছে?

ক জয়মালা  খ কার্তুজ
গ বর্ণমালা  ঘ স্বাধীনতা

৩২. 'বেলা-অবেলা কালবেলা' গ্রন্থটি কার লেখা?

ক সত্যেন্দ্রনাথ দত্ত
খ জীবনানন্দ দাশ
গ যতীন্দ্রমোহন বাগচী
ঘ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

৩৩. আজ আমাদের এত অধঃপতনের কারণ কী?

ক মেহনতি মানুষের প্রতি অবহেলা
খ স্বপ্নরাজ্যে বিচরণ
গ গণজাগরণের অভাব
ঘ ব্যক্তিকে প্রাধান্য দেয়া

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর লেখ:**

আজি ঝর ঝর মুখর বাদর দিনে
জানিনে, জানিনে
কিছুতে কেন যে মন লাগে না,
ঝর ঝর মুখর বাদর দিনে

৩৪. উদ্দীপকটি পাঠ্যবইয়ের কোন কবিতার ভাবকে ইঙ্গিত করে?

ক আমার সন্তান  খ জীবন-সঙ্গীত
গ বৃষ্টি  ঘ ঝর্ণার গান

৩৫. উদ্দীপকে উক্ত কবিতার যে ভাবের প্রতিফলন ঘটেছে—

i. বিরহী মন  ii. চঞ্চল মন
iii. উদাস মন

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

৩৬. 'বদ লোকেরা তোমাকে চোখ দিয়ে গিলে খাচ্ছে'— উক্তিটি কে করেছে?

ক তাহেরা  খ বহিপীর
গ হাশেম আলী  ঘ খোদেজা

৩৭. 'আমার পরিচয়' কবিতায় বাঙালি জাতি কিসের ছবি আঁকবে?

ক স্বাধীনতার  খ সাম্যের
গ স্বদেশের  ঘ জন্মভূমির

৩৮. 'কখন আসবে কবি'— এখানে কাকে কবি বলা হয়েছে?

ক নির্মলেন্দু গুণ  খ বিষ্ণু দে
গ শেখ মুজিবুর রহমান  ঘ রবীন্দ্রনাথ ঠাকুর

৩৯. 'বহিপীর' নাটকে অপ্রধান চরিত্র কোনটি?

ক হাতেম আলি  খ হকিকুল্লাহ
গ হাশেম আলি  ঘ তাহেরা

৪০. হাতেম আলীর জমিদারী কোথায় আছে?

ক রসুলপুর  খ রেশমপুর
গ নবাবপুর  ঘ পীরগাছা

Teachingbd24.com

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তরমালা | ১ | গ | ২ | ঘ | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | - | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ঘ |
| | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ | ৩১ | ঘ | ৩২ | খ | ৩৩ | ক | ৩৪ | গ | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | খ |